

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কচুয়া, চাঁদপুর।

kachua.chandpur.gov.bd

স্মারক নং- ০৫.৪২.১৩.২৫.০০.০০১.০১১.১৯- ২৩৪৭

তারিখঃ ১৫/১০/২০১৯ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

কচুয়া উপজেলার ১২টি ইউনিয়ন পরিষদের অনুকূলে দফাদার/ মহল্লাদারের শূন্য পদে নিম্নবর্ণিত ওয়ার্ডসমূহে দফাদার/ মহল্লাদার পদে নিয়োগের জন্য আগ্রহীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্রমিক	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা			যে সকল ওয়ার্ডের মহল্লাদার পদ শূন্য রয়েছে
		দফাদার	মহল্লাদার	মোট	
০১	০১নং সাচার ইউনিয়ন	১ টি	০৫ টি	০৬ টি	ওয়ার্ড নং ২, ৩, ৪, ৬, ৭ ও ৯
০২	০২নং পাথের ইউনিয়ন	১ টি	০২ টি	০৩ টি	ওয়ার্ড নং ১ ও ৭
০৩	০৩নং বিতারা ইউনিয়ন	-	০১ টি	০১ টি	ওয়ার্ড নং ৯
০৪	০৪নং পালাখাল মডেল ইউনিয়ন	১ টি	০৩ টি	০৪ টি	ওয়ার্ড নং ৩, ৪ ও ৫
০৫	০৫নং সহদেবপুর (পশ্চিম) ইউনিয়ন	শূন্য পদ নেই।			
০৬	০৬নং কচুয়া (উত্তর) ইউনিয়ন	-	০১ টি	০১ টি	ওয়ার্ড নং ৩
০৭	০৭নং কচুয়া (দক্ষিণ) ইউনিয়ন	১ টি	০৫ টি	০৬ টি	ওয়ার্ড নং ৩, ৫, ৬, ৭ ও ৯
০৮	০৮নং কাদলা ইউনিয়ন	-	০৩ টি	০৩ টি	ওয়ার্ড নং ১, ৩ ও ৬
০৯	০৯নং কড়ইয়া ইউনিয়ন	-	০৩ টি	০৩ টি	ওয়ার্ড নং ২, ৬, ও ৮
১০	১০নং গোহট (উত্তর) ইউনিয়ন	১ টি	০৩ টি	০৪ টি	ওয়ার্ড নং ১, ২ ও ৩
১১	১১নং গোহট (দক্ষিণ) ইউনিয়ন	-	০১ টি	০১ টি	ওয়ার্ড নং ১
১২	১২নং আশ্রাফপুর ইউনিয়ন	-	০১ টি	০১ টি	ওয়ার্ড নং ৫
	মোট	০৫ টি	২৮ টি	৩৩টি	

আবেদনপত্রে নিম্নোক্ত বিষয়গুলো উল্লেখ করে আবেদন করতে হবে ১। আবেদনকারী নাম (বাংলা ও ইংরেজী) ২। পিতা/স্বামীর নাম ৩। মাতার নাম ৪। স্থায়ী ঠিকানা ৫। বর্তমান ঠিকানা ৬। শিক্ষাগত যোগ্যতা ৭। জন্ম তারিখ ৮। বয়স ৯। ধর্ম ১০। জাতীয়তা ১১। জাতীয় পরিচয়পত্র নম্বর।

আবেদনের শর্ত ও নিয়মাবলী :

- ১। আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদন পত্রের সাথে পাসপোর্ট সাইজের ছবি ০৩(তিন) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ৩। আবেদন পত্রের সাথে ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদন পত্রের সাথে জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ৬। মহল্লাদারের শূন্য পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৭। দফাদার পদে পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে নিয়োগ দেয়া হবে।
- ৮। মহল্লাদার পদের জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি/জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৯। দফাদার পদে পদোন্নতির ক্ষেত্রে মহল্লাদার পদে ১০ (দশ) বৎসরের চাকুরী এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে অনূন্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষা উত্তীর্ণ হতে হবে।
- ১০। আবেদনকারীকে প্রয়োজনীয় কাগজপত্র ও ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ১১। মৃত/অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদারের পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- ১২। আবেদনকারীদের বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১৩। পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি এবং ওজন কমপক্ষে ৫০ কেজি।
- ১৪। বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)।
- ১৫। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট এবং ওজন কমপক্ষে ৪৫ কেজি।

- ১৬। বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।
১৭। দফাদার পদে পদোন্নতি প্রার্থী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
১৮। আবেদন সম্পর্কিত কোন তথ্য জানার প্রয়োজন হলে এ কার্যালয়ে সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
১৯। আবেদনপত্র আগামী ৩০/১০/২০১৯ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর এর ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে পৌছাতে হবে।




(বৈশাখী বড়ুয়া)
উপজেলা নির্বাহী অফিসার (অ.দা)
কচুয়া, চাঁদপুর।
email: unokachua@gmail.com

স্মারক নং- ০৫.৪২.১৩.২৫.০০.০০১.০১১.১৯- ২৬৪৭

তারিখঃ ১৫/১০/২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ২। পুলিশ সুপার, চাঁদপুর।
- ৩। অফিসার ইনচার্জ, কচুয়া থানা, চাঁদপুর।
- ৪। উপজেলা প্রকৌশলী, কচুয়া, চাঁদপুর।
- ৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর।
- ৬। চেয়ারম্যান..... ইউপি (সকল), কচুয়া, চাঁদপুর। (ইউনিয়নের নোটিশ বোর্ডে প্রদর্শন, হাট-বাজার এবং জনবহুল স্থানে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৭। অফিস নথি।



উপজেলা নির্বাহী অফিসার
কচুয়া, চাঁদপুর